গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

তারিখঃ ২৭/০৮/১৪২৪ বাংলা।
১১/১২/২০১৭খ্রিঃ।

নথিঃ ডিজিএনএম/শা-৩/৪টি-৬৩(পার্ট-০১)/ভর্তি-২০১৭-১৮/ ৭২৮১

## ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর আওতাধীন নিম্নবর্ণিত ৪৩ (তেতাল্লিশ)টি সরকারি নার্সিং ইনস্টিটিউটে ০৩(তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য অন-লাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| Institute Code | Name of the Nursing Institute | Name of the Course | Number of Seat |
|---|---|---|---|
| 50 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 51 | Nursing Institute, Khulna | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 52 | Nursing Institute, Comilla | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 53 | Nursing Institute, Faridpur | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 54 | Nursing Institute, Tangail | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 55 | Nursing Institute, Bogra | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 56 | Nursing Institute. Dinajpur | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 57 | Nursing Institute, Pabna | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 58 | Nursing Institute, Rangamati | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 59 | Nursing Institute, Noakhali | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 60 | Nursing Institute, Kushtia | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 61 | Nursing Institute, Jessore | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 62 | Nursing Institute, Patuakhali | Diploma in Nursing Science & Midwifery | ৪০ |
| 63 | Nursing Institute, Munshigonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 64 | Nursing Institute, Netrokona | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 65 | Nursing Institute, Sherpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 66 | Nursing Institute, Rajbari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 67 | Nursing Institute, Serajgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |



| | | | |
|---|---|---|---|
| 68 | Nursing Institute Chapai Nowabgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 69 | Nursing Institute, Kurigram | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 70 | Nursing Institute, Joypurhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 71 | Nursing Institute, Thakurgaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 72 | Nursing Institute, Brahmonbaria | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 73 | Nursing Institute, Cox's Bazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 74 | Nursing Institute, Feni | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 75 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 76 | Nursing Institute, Bhola | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 77 | Nursing Institute, Bagerhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 78 | Nursing Institute, Chuadanga | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 79 | Nursing Institute, Magura | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 80 | Nursing Institute, Satkhira | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 81 | Nursing Institute, Gopalgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 82 | Nursing Institute, Madaripur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 83 | Nursing Institute, Perojpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 84 | Nursing Institute, Borguna | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 85 | Nursing Institute, Naogaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 86 | Nursing Institute, Nilphamari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 87 | Nursing Institute, Panchagorh | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 88 | Nursing Institute, Kishorgonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 89 | Nursing Institute, Jamalpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 90 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 91 | Nursing Institute, Chandpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 92 | Nursing Institute, Habigonj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| | | Total | 2580 |

**২ . ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য শর্তাবলীঃ-**

ক) আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

খ) যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে অনুষ্ঠেয় এস.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ এবং ২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ৩.০০ থাকতে হবে।

৩ . প্রার্থীকে অবিবাহিত ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে।

৪ . মুক্তিযোদ্ধা কোটার জন্য (মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান) ৫২(বাহান্ন)টি আসন (পুরুষ ও মহিলা) সংরক্ষিত থাকবে। এ সমস্ত প্রার্থীদের অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার অধিকারী হতে হবে। সংরক্ষিত এ আসনগুলোতেও সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তির সুযোগ দেয়া হবে।

৫ . জাতীয় মেধা কোটায় ৬০% ,অতঃপর মুক্তিযোদ্ধা কোটার জন্য (মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানদের সন্তান) ৫২টি আসন সংরক্ষণের পর অবশিষ্ট আসনের ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হবে। ০৫(পাঁচ)টি মেডিকেল কলেজ সংলগ্ন নার্সিং ইনস্টিটিউট যথা মিটফোর্ড,ঢাকা, খুলনা, কুমিল্লা, ফরিদপুর ও দিনাজপুর এ মোট আসনসংখ্যার ১০% আসন পুরুষ প্রার্থী কর্তৃক পূরণ করা হবে।

৬ . প্রার্থী কোন্ প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার সুযোগ পাবে তা নির্ভর করবে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও তার দেয়া পছন্দের ক্রমানুসারে। প্রার্থী তার প্রাপ্ত নম্বরের ভিত্তিতে পছন্দনীয় প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি করা হবে।

৭ . **বর্ণিত কোর্সে ভর্তি জন্য অন-লাইনে আবেদনের নিয়মাবলীঃ-**

ক. প্রার্থী যে Center এর অধীনে পরীক্ষা দিতে ইচ্ছুক সে Center এর কোড নম্বর আবেদন করার সময় SMS এর মাধ্যমে উল্লেখ করতে হবে। Center এর নাম ও কোড নম্বর নিম্নে প্রদত্ত হ'লঃ

| NAME OF EXAM. CENTER | CODE NUMBER |
|---|---|
| DHAKA | 1 |
| CHITTAGONG | 2 |
| RAJSHAHI | 3 |
| KHULNA | 4 |
| SYLHET | 5 |
| BARISAL | 6 |
| RANGPUR | 7 |

খ. বর্ণিত কোর্সে ভর্তির আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DGNM **<space>** N **<space>** HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space>** HSC পরীক্ষার রোল নম্বর **<space>** HSC পাসের সন **<space>** SSC শিক্ষাবোর্ডের নামের ১ম তিন অক্ষর **<space>** SSC রোল নম্বর **<space>** SSC পাসের সন **<space>** বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০টি প্রতিষ্ঠানের (বিজ্ঞাপনে উল্লেখিত) কোড **<space>**প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কোড নম্বর **<space>** কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

**কোটার কী-ওয়ার্ডঃ**

**মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর জন্য FF**

**শিক্ষা বোর্ডের কী-ওয়ার্ডঃ** ঢাকা DHA, চট্টগ্রাম CHI, রাজশাহী RAJ, যশোর JES, কুমিল্লা COM, সিলেট SYL, বরিশাল BAR, দিনাজপুর DIN, মাদ্রাসা MAD, ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট DIB, এইচএসসি ইন বিজনেস ম্যানেজমেন্ট HBM, কারিগরি শিক্ষা বোর্ড TEC

উদাহরণঃ DGNM N DHA 123456 2017 DHA 123458 2015 65, 51,53, 52, 55, 54, 57, 56, 58, 50 1 FF উদাহরণটিতে দেখানো হয়েছে যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করেছে এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর আওতাধীন বিভিন্ন নার্সিং ইনস্টিটিউটে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির জন্য আবেদন করেছেন এবং সে ঢাকা বোর্ড থেকে HSC, SSC যথাক্রমে ২০১৭ ও ২০১৫ সালে পাশ করেছেন। যেখানে তার রোল নম্বর ছিল যথাক্রমে ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং তার Center Code ছিল ঢাকা 1. বর্ণিত কোর্সে ভর্তির জন্য তার পছন্দক্রম-যথাক্রমে শেরপুর, খুলনা, ফরিদপুর, কুমিল্লা, বগুড়া, টাঙ্গাইল, পাবনা, দিনাজপুর, রাঙ্গামাটি এবং নার্সিং ইনস্টিটিউট, মিটফোর্ড, ঢাকা এবং সে ঢাকা Center এ পরীক্ষা দিতে ইচ্ছুক।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের পাসকৃত প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের যায়গায় OTH লিখে Roll ও পাসের সন বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০(দশ)টি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনে উল্লেখিত কোড লিখে উপরের নিয়মে SMS করবেন। যেমন- DGNM N OTH 123456 2017 OTH 123458 2015 65. 51.53. 52. 55. 54. 57. 56. 58. 50 1 FF and send to 16222

উপরের ম্যাসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি ম্যাসেজে আবেদনকারীর নাম ও একটি পিন নম্বর জানিয়ে ভর্তির আবেদন ফি বাবদ ৫০০/(পাঁচশত) টাকা মাত্র কর্তনের সম্মতি চাওয়া হবে। নিম্নবর্ণিত নিয়মানুযায়ী আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। DGNM**<space>**N**<space>**YES **<space>**PIN নম্বর **<space>** আবেদনকারীর মোবাইল নম্বর(যে কোন অপারেটর) লিখে SMS পাঠাতে হবে। **পরবর্তী সময়ের জন্য পিন নম্বরটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।**

**উদাহরণঃ** DGNM N YES 654321 01xxxxxxxxx

এ উদাহরণে প্রদত্ত **৬৫৪৩২১** নম্বরের স্থলে আবেদনকারীর নিজ নিজ পিন নম্বর এবং 01xxxxxxxxx এর স্থলে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে সার্ভিস চার্জসহ পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা কেটে নেয়া হবে অন্যথায় কোন ফি কাটা হবে না। সম্মতি জানিয়ে SMS করলে সে আবেদন আর প্রত্যাহার করা যাবে না। আবেদনকারীর টেলিটক প্রিপেইড মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকা সাপেক্ষে আবেদনের জন্য নির্ধারিত ফি কেটে নেয়ার পর SMS পাঠানোর মাধ্যমে প্রার্থীর User ID ও Password জানিয়ে দেয়া হবে।

**বিঃদ্রঃ**-উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে পাসকৃত প্রার্থীদের টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অন-লাইনে আবেদন করার পর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র (একসেট) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন) শেরেবাংলানগর, ঢাকা এর বরাররে প্রেরণের জন্য বলা হ'ল।

গ. **প্রবেশপত্র ডাউনলোড**

আবেদন শেষে প্রার্থীকে প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে SMS এর মাধ্যমে জানানো হবে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব সাইট (http://dgnm.teletalk.com.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। যোগ্য প্রার্থীকে প্রবেশপত্রের জন্য প্রথমে ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় ছবি উঠিয়ে ৩০০×৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেটে Save করতে হবে(File size not more than 100kb)। প্রবেশপত্র ডাউনলোড করতে হলে (http://dgnm.teletalk.com.bd) -তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password ইনপুট দিতে হবে। প্রদত্ত ইনপুট সঠিক হলে নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করার অপশন পাওয়া যাবে। নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করা হলে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। **প্রিন্টকৃত কপির নির্দিষ্ট স্থানে প্রার্থীকে স্বাক্ষর করে তা সংরক্ষণ করতে হবে।**

৮. শুধুমাত্র MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

৯. ভর্তি পরীক্ষার আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ ও ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে। ভর্তি পরীক্ষার উত্তরপত্র ওএমআর(OMR) মেশিনে মূল্যয়ণ করা হবে।

১০. **ভর্তির সময় নিম্নবর্ণিত সনদপত্র ও ছবি জমা দিতে হবেঃ**

ক) এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট;

খ) এসএসসি বা সমমান পরীক্ষার মূল সনদপত্র;

গ) জেলা কোটা দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ ওয়ার্ড কমিশনার বা কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল প্রত্যায়নপত্র;

ঘ) ০৩(তিন) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি, ছবিতে প্রার্থীর নাম লিখা থাকতে হবে।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায়( মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

১১. **অসম্পূর্ণ বা ভুল তথ্য প্রদানের প্রমাণ পাওয়া গেলে প্রার্থীর নির্বাচনী ফলাফল বাতিল বলে গণ্য হবে।**

১২. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের ফলাফলের সাথে ভর্তির জন্য নির্ধারিত আসনের অতিরিক্ত ৫০% প্রার্থীর মেধাভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে। ভর্তির তারিখ শেষ হওয়ার পর যে সকল আসন শুণ্য থাকবে তা অপেক্ষমান তালিকা হতে মেধাক্রমানুসারে পূরণ করা হবে।

১৩. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে কোর্সে ভর্তি হওয়ার পূর্বে স্ব-স্ব নার্সিং ইনস্টিটিউটের স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত চিকিৎসক দ্বারা প্রার্থী নিজ নিজ খরচে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে এবং অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট নার্সিং ইনস্টিটিউটে ভর্তি হয়ে যথাসময়ে কোর্সে অংশগ্রহণ করতে হবে।

১৪. কোর্সে ভর্তি হওয়ার সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র সংশ্লিষ্ট নার্সিং ইনস্টিটিউটে জমা দিতে হবে এবং কোর্স শেষ না হওয়া পর্যন্ত তা ঐ নার্সিং ইনস্টিটিউটে সংরক্ষিত থাকবে।

১৫. **কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি-নিষেধ সমূহঃ**

ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ন করা যাবে না; অন্যথায় প্রমাণ স্বাপেক্ষে কোর্স হতে বহিস্কার করা হবে।

খ) সিলেবাস/ কোর্স কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা, দিবা ও নৈশকালীন ব্যাবহারিক(ক্লিনিক্যাল প্র্যাকটিস) প্রশিক্ষনে অংশগ্রহণ করতে হবে।

গ) কোর্স চলাকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হবে।

ঘ) কোর্স চলাকালীন বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল( বিএনএমসি) কর্তৃক প্রনীত বিধি-বিধান ও নিজ নিজ প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলতে হবে।

ঙ) আবাসন সংকুলান না হলে ছাত্রীদেরকে ও নিজ দায়িত্বে বাসস্থানের ব্যবস্থা করতে হবে।

চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ছ) কোর্স শেষে সরকারি চাকরীর কোন নিশ্চয়তা দেওয়া হবে না।

জ) কোর্সে অধ্যয়ণকালীন মাইগ্রেশন (অভিপ্রয়ান/ বদলী) সম্পূর্ণভাবে বন্ধ থাকবে।

১৬. ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনে কেন্দ্রীয় নির্বাচন কমিটি/ ভর্তি কমিটি ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন কমিটির/ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে গণ্য হবে।

১৮. ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা সময়সূচী নিম্নরুপঃ-

| | |
|---|---|
| অন- লাইনে আবেদন শুরুর তারিখ | ১৭/১২/২০১৭খ্রিঃ সকাল ১০.০০ঘটিকা হতে |
| অন- লাইনে আবেদনের শেষ তারিখ | ৩১/১২/২০১৭খ্রিঃ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত |
| অন-লাইনে টাকা জমা দেওয়ার শেষ তারিখ | ০৩/ ০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে প্রবেশপত্র সংগ্রহের শেষ তারিখ | ১৫/০১/২০১৮খ্রিঃ তারিখ হতে ২০/০১/২০১৮খ্রিঃ তারিখ রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ২৬/০১/২০১৮খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা হতে সকাল ১১.০০ ঘটিকা |

এ বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব সাইট (www.dgnm.gov.bd) এ পাওয়া যাবে।

১২.১২.১৭

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।